

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(সিটি কর্পোরেশন-২ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৪/৩১ মে ২০১৭

নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩৯.১৫.৩৯৬—রংপুর সিটি কর্পোরেশনের ৫নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মোখলেছুর রহমান এর বিরুদ্ধে রংপুর জেলার কোতয়ালী থানায় ফৌজদারী মামলা নং-জি,আর ৯৩৯/১৬-এ অভিযোগপত্র নং ১০৬১ গত ০৬ নভেম্বর ২০১৬ তারিখে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রংপুর কর্তৃক গৃহীত হওয়ায়, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১২ এর উপ-ধারা (১) অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের ৭ ডিসেম্বর ২০১৬ তারিখের ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩৯.১৫.৬০৯ নং প্রজ্ঞাপনমূলে তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

২। উক্ত মামলাটি পরবর্তীতে দ্রুত বিচার আইন, ২০০২ সংশোধনী/২০১৪ এর ৪ ও ৫ ধারায় বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রংপুর এর আদালতে ৩/১৬ নং মামলা হিসেবে আমলভুক্ত হয়। উক্ত আদালতের ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের রায় ও আদেশে জনাব মোঃ মোখলেছুর রহমান-কে বেকসুর খালাস প্রদান করা হয়।

৩। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের ৭ ডিসেম্বর ২০১৬ তারিখের ৪৬.০০.০০০০.০৭১.১৮.

০৩৯.১৫.৬০৯ নং প্রজ্ঞাপনমূলে রংপুর সিটি কর্পোরেশনের ০৫নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মোখলেছুর রহমান এর সাময়িক বরখাস্তের আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শহীদুল ইসলাম
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.

(৬৬৪৫)

মূল্য : টাকা ৪.০০